গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০২/২০১৮-১৯
ঢাকা, বুধবার ২১ নভেম্বর ২০১৮, ৭ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিদ্যুৎখাতে দক্ষিণ কোরিয়ার বিনিয়োগ আহ্বান প্রধানমন্ত্রীর

২। প্রধানমন্ত্রীর সাথে ডেনিশ রাষ্ট্রদূতের সাক্ষাৎ

৩। নির্বাচন পর্যবেক্ষক সংস্থাকে কমিশনের নীতিমালা মানতে হবে : ইসির নির্দেশ
উন্নয়ন প্রকল্পে বরাদ্দ না দেওয়ার নির্দেশ ইসির

৪। ক্রয় কমিটিতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি সংক্রান্ত দু'টি প্রস্তাবের অনুমোদন

৫। বিদেশি চ্যানেলে দেশিপণ্যের বিজ্ঞাপন প্রচার বন্ধের নির্দেশ দিয়েছে তথ্য মন্ত্রণালয়

৬। সচিব সভায় ইসিকে সর্বাত্মক সহায়তা দিতে নির্দেশনা

৭। বাংলাদেশী পর্যটকদের জন্য খুলে গেল ভারতের লাদাখ, সিকিম ও অরুণাচল
অতিরিক্ত রুট অনুমোদন সেবা চালু করেছে ভারতীয় দূতাবাস

৮। পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সা.) আজ

৯। সশস্ত্র বাহিনী দিবস আজ

১০। চলচ্চিত্র পরিচালক আমজাদ হোসেনের চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী

১১। প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন বি. চৌধুরী ও জি এম কাদের

১২। প্রধানমন্ত্রীর 'লেটস টক' আগামী শুক্রবার

১৩। ওপিসিডব্লিউ'র নির্বাহী পরিষদের সদস্য হল বাংলাদেশ

চলমান পাতা-২

১। **বিদ্যুৎখাতে দক্ষিণ কোরিয়ার বিনিয়োগ আহ্বান প্রধানমন্ত্রীর**

দেশের বিদ্যুৎখাতের উন্নয়নে এবং দেশে একটি তথ্যপ্রযুক্তি (আইসিটি) প্রশিক্ষণকেন্দ্র স্থাপনে দক্ষিণ কোরিয়ার বিনিয়োগ এবং সহযোগিতা কামনা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) ঢাকায় নবনিযুক্ত দক্ষিণ কোরীয় রাষ্ট্রদূত হু ক্যাং-ইল প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে প্রধানমন্ত্রী একথা বলেন। প্রধানমন্ত্রী কোরীয় রাষ্ট্রদূতকে জানান, তাঁর সরকার দেশের তথ্যপ্রযুক্তিখাতের উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছে এবং এ ব্যাপারে দক্ষিণ কোরিয়া সহযোগিতার হাত প্রসারিত করলে কাজটি আরো সহজ হয়। তিনি বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে দক্ষিণ কোরিয়াকে আরো বিনিয়োগের আহ্বান জানান। বাংলাদেশের ক্রমবর্ধিষ্ণু অর্থনীতির ভূয়সী প্রশংসা করে দক্ষিণ কোরীয় রাষ্ট্রদূত বলেন, এটা খুবই প্রশংসার দাবি রাখে যে, বাংলাদেশ বিগত কয়েক বছর যাবৎ ৬ শতাংশের ওপরে প্রবৃদ্ধি ধরে রাখতে সক্ষম হয়েছে। এটি একটি বিরাট অর্জন। রোহিঙ্গা ইস্যুতে রাষ্ট্রদূত বলেন, রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘ গৃহীত প্রস্তাবে দক্ষিণ কোরিয়ার সমর্থন আছে। আমরা রোহিঙ্গাদের তাদের মাতৃভূমিতে সফল প্রত্যাবাসন প্রত্যাশা করি। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

২। **প্রধানমন্ত্রীর সাথে ডেনিশ রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

ঢাকায় ডেনমার্কের নবনিযুক্ত রাষ্ট্রদূত উইনি এস্ট্রাপ পিটারসেন রোহিঙ্গা শরণার্থীদের বাংলাদেশ থেকে ফেরত নিয়ে যাওয়ার জন্য মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, মিয়ানমারের উচিত তাদের রোহিঙ্গা শরণার্থীদের বাংলাদেশ থেকে ফেরত নিয়ে যাওয়া। ডেনমার্কের রাষ্ট্রদূত গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) সকালে প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে এ আহ্বান জানান।

বৈঠকে প্রধানমন্ত্রী রোহিঙ্গা শরণার্থীদের বাংলাদেশ থেকে ফেরত নিয়ে যাওয়ার বিষয়ে পুনরায় গুরুত্বারোপ করেন। বিপন্ন রোহিঙ্গা জনগোষ্ঠীর পুনর্বাসনে তাঁর সরকারের পদক্ষেপসমূহের উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, রোহিঙ্গাদের অস্থায়ী আবাসনের জন্য তাঁর সরকার নোয়াখালীতে একটি চরের উন্নয়ন ঘটাচ্ছে। দেশের গণতন্ত্রের প্রসঙ্গ উঠলে প্রধানমন্ত্রী বলেন, আমরা ভবিষ্যতে দেশে গণতন্ত্রের বিকাশ চাই। উইনি এস্ট্রাপ বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের চমকপ্রদ আর্থসামাজিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, আমি আপনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের বিশেষ করে নারীর ক্ষমতায়নের বিষয়ে জানতে পেরে আনন্দিত হয়েছি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৪)।

৩। **নির্বাচন পর্যবেক্ষক সংস্থাকে কমিশনের নীতিমালা মানতে হবে : ইসির নির্দেশ**
**উন্নয়ন প্রকল্পে বরাদ্দ না দেওয়ার নির্দেশ ইসির**

পর্যবেক্ষক সংস্থাগুলোকে কমিশনের নীতিমালা মেনে দায়িত্ব পালনের নির্দেশনা দিয়েছে ইসি। নির্বাচন পর্যবেক্ষণে সঠিকভাবে নীতিমালা অনুসরণ করা না হলে তাদের নিবন্ধনও বাতিলের হুঁশিয়ারি দেওয়া হয়েছে। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) নির্বাচন ভবনের পর্যবেক্ষক সংস্থাগুলোর উদ্দেশে দেওয়া এক ব্রিফিংয়ে ইসি সচিব হেলালুদ্দিন আহমদকে এ নির্দেশনা দেন। জাতীয় ও স্থানীয় নির্বাচন পর্যবেক্ষণের জন্য ইসির নিবন্ধিত সংস্থা **১১৮**টি। নির্বাচনের আগে কোনো কোনো সংস্থা থেকে এবার নির্বাচন পর্যবেক্ষণ করা হবে তার একটি তালিকা কমিশনে জমা দেওয়ার নির্দেশ দেয় ইসি।

এছাড়া সব ধরনের উন্নয়ন প্রকল্পে নতুন বরাদ্দ না দেওয়ার নির্দেশনা দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) এ সংক্রান্ত চিঠি সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোতে পাঠানো হয়েছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা হওয়ায় সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করার অংশ হিসেবে এ নির্দেশনা জারি করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

৪। **ক্রয় কমিটিতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি সংক্রান্ত দু'টি প্রস্তাবের অনুমোদন**

প্রকল্পের ব্যয় বৃদ্ধি সংক্রান্ত দু'টি প্রস্তাবের অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। দুই প্রকল্পে ব্যয় বেড়েছে ৫৪৬ কোটি ৫৩ লাখ টাকা। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের



সম্মেলনকক্ষে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত দু'টি প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্প দু'টি হলো চট্টগ্রামের মীরসরাই উপজেলায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প এবং সাসেক রোড কানেকটিভিটি প্রোজেক্ট : ইমপ্রুভমেন্ট অভ্ বেনাপোল এন্ড বুড়িমারি স্থলবন্দর প্রকল্প। এছাড়া বৈঠকে নারায়ণগঞ্জের নিতাইগঞ্জ থেকে সাইনবোর্ড মোড় এবং চিটাগাং রোড হয়ে পঞ্চবটি পর্যন্ত ইলেকট্রিক ট্রেন চালুর প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পের আওতায় ইলেকট্রিক ট্রেনের মাধ্যমে এক স্থান থেকে অন্য স্থানে যাত্রী পরিবহণ ব্যবস্থা চালু করা হবে। কমিটির সভাপতি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এতে সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৫,ক.৬)।

**৫। বিদেশি চ্যানেলে দেশিপণ্যের বিজ্ঞাপন প্রচার বন্ধের নির্দেশ দিয়েছে তথ্য মন্ত্রণালয়**

বাংলাদেশে ডাউনলিংকপূর্বক সম্প্রচারিত সব বিদেশি টিভি চ্যানেলে দেশিপণ্যের বিজ্ঞাপন প্রচার অবিলম্বে বন্ধ করার নির্দেশ দিয়েছে তথ্য মন্ত্রণালয়। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) সরকারি তথ্য বিবরণীতে জানানো হয়, বিদেশি টিভি চ্যানেল ডাউনলিংকপূর্বক সম্প্রচারের জন্য প্রদত্ত অনুমতি/অনাপত্তিপত্রে 'ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬' যথাযথভাবে প্রতিপালনের শর্ত আরোপ করা হয়েছে। তাই বিদেশি কোনো টিভি চ্যানেলের মাধ্যমে দেশিপণ্যের বিজ্ঞাপন প্রচার করলে উক্ত আইনের ১১ ধারা মোতাবেক ডিস্ট্রিবিউশন লাইসেন্স বাতিল/স্থগিত এবং ২৮ ধারা মোতাবেক ২ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৬। সচিব সভায় ইসিকে সর্বাত্মক সহায়তা দিতে নির্দেশনা**

আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করতে নির্বাচন কমিশনকে (ইসি) সর্বাত্মক সহযোগিতা করতে সচিবদের নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে সচিব সভায় এ নির্দেশ দেওয়া হয়। মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলমের সভাপতিত্বে সভায় সব মন্ত্রণালয় ও বিভাগের সচিবরা উপস্থিত ছিলেন। সভায় নির্বাচনকালীন সরকারের চলমান উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে যাতে কোনো ধরনের গাফিলতি না হয়, সে বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে। পাশাপাশি মন্ত্রণালয়গুলোর বিভিন্ন দপ্তর-অধিদপ্তরে শূন্য পদে লোক নিয়োগে সচিবদের দ্রুত পদক্ষেপ নিতে বলা হয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ.ক.২)।

**৭। বাংলাদেশী পর্যটকদের জন্য খুলে গেল ভারতের লাদাখ, সিকিম ও অরুণাচল**
**অতিরিক্ত রুট অনুমোদন সেবা চালু করেছে ভারতীয় দূতাবাস**

বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের পর্যটকদের জন্য ভারতবর্ষের পর্যটনের অন্যতম আকর্ষণীয় স্পট কাশ্মীরের লাদাখ, পশ্চিমবঙ্গের সিকিম, অরুণাচল, মিজোরাম, নাগাল্যান্ড, মণিপুর রাজ্য খুলে দেওয়া হয়েছে। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) ঢাকার ভারতীয় হাইকমিশনের চ্যান্সারি হলে এক ব্রিফিংয়ে হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বিষয়টি জানান।

এছাড়া ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রসমূহে অতিরিক্ত রুট অনুমোদন সেবা চালু করেছে ভারতীয় হাইকমিশন। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) এক বিজ্ঞপ্তিতে এসব জানিয়েছেন ভারতীয় হাইকমিশন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বৈধ ভিসায় অতিরিক্ত রুট অনুমোদনের সকল আবেদন ২২ নভেম্বর ২০১৮ হতে বাংলাদেশের সকল ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রে (আইভিএসি) গ্রহণ করা হবে। এ সেবার জন্য প্রক্রিয়াকরণ ফি হিসেবে আইভিএসিকে ৩০০ টাকা পরিশোধ করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**৮। পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সা.) আজ**

আজ ১২ রবিউল আউয়াল বুধবার, পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সা.)। প্রায় এক হাজার ৪০০ বছর আগে এ দিনে আরবের মরু প্রান্তরে মা আমিনার কোল আলো করে জন্ম নিয়েছিলেন বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.)। আবার এ

দিনে তিনি পৃথিবী ছেড়ে চলে যান। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তাঁরা দেশবাসীসহ মুসলিম উম্মাহর সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানান। একইসঙ্গে তাঁরা মহানবী (সা.) এর জীবনাদর্শ (সুন্নাহ) অনুসরণ করে ভ্রাতৃত্ববোধ ও মানবকল্যাণে ব্রতী হওয়ার আহ্বান জানান।



এ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) থেকে শুরু হয়েছে পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালা। এসব কর্মসূচির মধ্যে রয়েছে মহানবীর (সা.) ওপর আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিল। সূত্র-সমকাল (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৯। সশস্ত্র বাহিনী দিবস আজ**

আজ (২১ নভেম্বর বুধবার), সশস্ত্রবাহিনী দিবস। এবারও যথাযথ মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপিত হচ্ছে। দিবসটি উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি ও সশস্ত্রবাহিনীর সর্বাধিনায়ক মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী শেখ হাসিনা। সেনা, নৌ ও বিমানবাহিনীর সমন্বয়ে **১৯৭১** সালের **২১** নভেম্বর মুক্তিযুদ্ধের সময় গঠিত হয়েছিল বাংলাদেশ সশস্ত্র বাহিনী। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে সাড়া দিয়ে '**৭১**-এর এ দিনেই আত্মোৎসর্গের ব্রত নিয়ে দেশমাতৃকাকে শত্রুমুক্ত করতে সেনা, নৌ ও বিমানবাহিনীর অকুতোভয় বীর সেনানীরা মুক্তিকামী আপামর জনতার সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সম্মিলিতভাবে অপ্রতিরোধ্য আক্রমণের সূচনা করেছিলেন। এরপর থেকে প্রতি বছর **২১** নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস হিসেবে উদ্‌যাপিত হয়ে আসছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১০। চলচ্চিত্র পরিচালক আমজাদ হোসেনের চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী**

ব্রেইন স্ট্রোকে আক্রান্ত চলচ্চিত্র পরিচালক আমজাদ হোসেনের চিকিৎসার দায়িত্ব নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ১৮ নভেম্বর রোববার স্ট্রোক হওয়ার পর থেকে রাজধানীর তেজগাঁওয়ের ইমপালস হাসপাতালে ভর্তি করা হয় আমজাদ হোসেনকে। সেখানে লাইফ সাপোর্টে রাখা হয়েছে তাঁকে। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন সাংবাদিকদের জানান, গতকাল ২০ নভেম্বর মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে তাঁর সঙ্গে দেখা করেন আমজাদ হোসেনের দুই ছেলে সাজ্জাদ হোসেন দোদুল ও সোহেল আরমান। এ সময় প্রধানমন্ত্রী আমজাদ হোসেনের খোঁজখবর নেন এবং তাঁর চিকিৎসার দায়িত্ব নেয়ার কথা জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

**১১। প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন বি. চৌধুরী ও জি এম কাদের**

যুক্তফ্রন্ট চেয়ারম্যান ও বিকল্প ধারার প্রেসিডেন্ট অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করেছেন। গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) রাত সোয়া ৮ টার দিকে তিনি গণভবনে যান। তাঁর সঙ্গে ছিলেন বিকল্পধারার মহাসচিব মেজর (অব.) আবদুল মান্নান ও প্রেসিডিয়াম সদস্য মাহী বি. চৌধুরী। এদিকে, গতকাল (২০ নভেম্বর মঙ্গলবার) সন্ধ্যা ৬টার পরে গণভবনে গিয়ে প্রধানমন্ত্রীর সাথে জাতীয় পার্টির (জাপা) কো-চেয়ারম্যান জি এম কাদের দেখা দেখা করেছেন বলে জানা গেছে। এসময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ও দলটির নেত্রী এডভোকেট সাহারা খাতুন উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

**১২। প্রধানমন্ত্রীর 'লেটস টক' আগামী শুক্রবার**

তরুণদের সঙ্গে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'লেটস টক' অনুষ্ঠান আগামী ২৩ নভেম্বর শুক্রবার অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আয়োজিত এ অনুষ্ঠানে উদ্যোক্তা, পেশাজীবী, চাকরিজীবী, ছাত্রছাত্রী, ক্রীড়া, সাংস্কৃতিক কর্মীসহ সারাদেশের ১৫০ জন তরুণ-তরুণী অংশ নেবেন।

অনুষ্ঠানটির আয়োজক আওয়ামী লীগের গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সিআরআই)। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.১)।

**১৩। ওপিসিডব্লিউ'র নির্বাহী পরিষদের সদস্য হল বাংলাদেশ**

রাসায়নিক অস্ত্র নিরীক্ষণ সংস্থা-ওপিসিডব্লিউ'র নির্বাহী পরিষদের সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সংস্থাটির সদস্য রাষ্ট্রগুলোর ২৩তম অধিবেশনে রাষ্ট্রগুলোর সর্বসম্মতিক্রমে বাংলাদেশকে ২০১৯-২০২১ মেয়াদের জন্য নির্বাহী পরিষদের সদস্য নির্বাচন করা হয়। ২৩তম অধিবেশনের ভাইস চেয়ারম্যানও নির্বাচিত হয়েছে বাংলাদেশ।



ওপিসিডব্লিউ'র নির্বাহী পরিষদের ২০১৯-২০২১ মেয়াদের জন্য এশিয়া গ্রুপ থেকে বাংলাদেশসহ ছয়টি দেশ সদস্য নির্বাচিত হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** আজ সশস্ত্রবাহিনী দিবস উল্লেখ করে দেশপ্রেম, পেশাদারিত্ব এবং উন্নত নৈতিকতার আদর্শে বলীয়ান হয়ে আমাদের সশস্ত্রবাহিনী আরও এগিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ভোরের কাগজ :** সুষ্ঠু নির্বাচনের স্বার্থে ১৮ নভেম্বরের মধ্যে সব রাজনৈতিক বিলবোর্ড, ব্যানার, পোস্টার, ফেস্টুন ও লিফলেট অপসারণের জন্য নির্দেশ দেওয়া হলেও রাজধানীর বিভিন্ন এলাকায় এখনও যেসব বিদ্যমান সেগুলো অপসারণের আহ্বান।

গ. **বণিক বার্তা :** অননুমোদিত প্রতিষ্ঠানের অবৈধ পিএইচডি সনদ দিয়ে চাকরিতে সুবিধা নিচ্ছে অসংখ্য সরকারি কর্মকর্তা এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে ভুয়া ও মানহীন পিএইচডি ডিগ্রি নিয়ন্ত্রণে কার্যকর নীতিমালা প্রণয়নের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** কঠোর নিরাপত্তার মধ্যেও হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে প্রায় প্রতিদিনই যাত্রীদের মালামাল চুরি হচ্ছে উল্লেখ করে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **নিউ নেশন :** নারী জঙ্গিদের মধ্যে ৬৬ ভাগ তাদের পরিবারের বিশেষ করে স্বামীর কাছ থেকে প্রভাবিত হয়ে এ পথে আসে এক রিপোর্টে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের নির্বাচনী ব্যবস্থা শক্তিশালী হওয়ার মাধ্যমেই কেবল দেশের সামগ্রিক শাসনব্যবস্থা ও উন্নয়ন মজবুত ভিতের ওপর দাঁড়াতে পারে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'কিশোর তরুণদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সুন্দর সমাজ গড়ার লক্ষ্যে শিশু-কিশোরদের ওপর সহিংসতা ও নির্যাতন বন্ধ করা জরুরি।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা